**প্রফেসর ড. মোঃ মোজাম্মেল হক**
**উপাচার্য**
**হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়**
হবিগঞ্জ-৩৩০০, বাংলাদেশ
ফোন: +৮৮০২৯৯৬৬০৫১০০
মোবাইল: +৮৮০১৩৩২৮৩২৬৪৪
ই-মেইল: vc@hau.ac.bd; ওয়েবসাইট: www.hau.ac.bd

**Professor Dr. Md. Mozammel Hoque**
**Vice-Chancellor**
**Habiganj Agricultural University**
Habiganj-3300, Bangladesh
Phone: +8802996605100
Mobile: +8801332832644
e-mail: vc@hau.ac.bd; website: www.hau.ac.bd

তারিখঃ ২১ সেপ্টেম্বর ২০২৬

# অভিনন্দন বার্তা

হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়ের সম্মানিত সিন্ডিকেট সদস্য এবং চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়ের মেডিসিন ও সার্জারি বিভাগের প্রফেসর ড. মোহাম্মদ ইউসুফ ইলাহী চৌধুরী-কে রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের অনুমোদনক্রমে চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয় আইন, ২০০৬-এর ধারা ১০(১) অনুযায়ী চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর পদে নিয়োগপ্রাপ্ত হওয়ায় হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানানো যাচ্ছে।

প্রফেসর ড. মোহাম্মদ ইউসুফ ইলাহী চৌধুরী দীর্ঘদিন ধরে চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা, গবেষণা এবং একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রমে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছেন। তাঁর সুদীর্ঘ শিক্ষকতা ও গবেষণার অভিজ্ঞতা এবং প্রাতিষ্ঠানিক নেতৃত্বের দক্ষতা চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়ের শিক্ষা, গবেষণা ও প্রশাসনিক কার্যক্রমকে আরও গতিশীল ও সমৃদ্ধ করতে গুরুত্বপূর্ণ অবদান রাখবে বলে আমরা আশাবাদী।

হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্য হিসেবে তাঁর প্রজ্ঞাপূর্ণ পরামর্শ, অভিজ্ঞতা ও সহযোগিতা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রমে ইতিবাচক ভূমিকা রেখে চলেছে।

আমরা তাঁর সুস্বাস্থ্য, দীর্ঘায়ু ও সার্বিক সাফল্য কামনা করছি এবং তাঁর গতিশীল নেতৃত্বে চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয় শিক্ষা, গবেষণা, উদ্ভাবন ও উচ্চশিক্ষার ক্ষেত্রে আরও এগিয়ে যাবে—এই প্রত্যাশা ব্যক্ত করছি।

২১/০৯/২৬

অধ্যাপক ড. মোঃ মোজাম্মেল হক
উপাচার্য
হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়।